

💵 কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায়: বিদ'আত ও বিভক্তি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ৬. ৫. ৬. মুশাবিবহা[1]

মুশাবিবহা (المشبّهِة) শব্দটি 'তাশবীহ' (التشبيه) ক্রিয়ামূল থেকে গৃহীত। তাশবীহ অর্থ তুলনা করা, উপমা দেওয়া, সমান বানানো (To make equal or similar, to compare) ইত্যাদি। মুশাবিবহা অর্থ তুলনাকারীগণ। যারা মহান আল্লাহর বিশেষণকে মানবীয় বিশেষণের সাথে তুলনীয় বলে বিশ্বাস করে বা মহান আল্লাহকে মানবীয় আকৃতির বলে বিশ্বাস করে তাদেরকে 'মুশাবিবহা' বা তুলনাকারী ফিরকা বলে আখ্যায়িত করা হয়। মহান আল্লাহ কুরআন কারীমে বারংবার বলেছেন যে, মহান আল্লাহর কোনো তুলনা দিও না এবং কোনো কিছুই তাঁর সাথে তুলনীয় নয়। কিন্তু মুসলিম সমাজে কিছু বিভ্রান্ত মানুষ নিজেদের মুর্খতা ও অজ্ঞতার কারণে মহান আল্লাহকে মানবাকৃতির বলে কল্পনা করেছে, অথবা আল্লাহর সকল বা কিছু কর্ম বা বিশেষণ মানুষের কর্ম বা বিশেষণের মত তুলনীয় বলে মনে করেছে।

ফুটনোট

[1] বাগদাদী, আল-ফারকু, পৃ. ২২৫-২৩০; ইবনু আলি ইয্য, শারহুল আকীদা আত-তাহাবিয়্যাহ, পৃ. ৫২০-৫২২।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13811

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন